স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার : ১ কোর্স : ১

বাংলা সাহিত্যের ইতিহাস (চর্যাপদ থেকে প্রাক্-ফোর্ট উইলিয়ম)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। জয়দেবের 'গীতগোবিন্দ' ও বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' এই দুই কাব্যের উদ্দিষ্ট শ্রোতাগোষ্ঠীর পার্থক্য কীভাবে এই দুই কাব্যের মধ্যে রচনারীতিগত ও বিষয়বিন্যাসগত বিসদৃশতা সম্ভব করেছে আলোচনা করো। ১০

২। 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যটির বিষয় আলোচনার অনুষঙ্গে মালাধর বসুর কবিকৃতির পরিচয় দাও। ১০

৩। বিপ্রদাস পিপিলাই-এর মনসামঙ্গল কাব্যে মনসা ও চণ্ডী চরিত্র দুটির তুলনামূলক আলোচনা প্রসঙ্গে কবির কৃতিত্ব বর্ণনা করো। ১০

একক-২

৪। বৃন্দাবনদাস আর কৃষ্ণদাস কবিরাজ — দুজনের চৈতন্যজীবনী পড়লে তবেই চৈতন্যের সম্পূর্ণ জীবনের তথ্য ও তত্ত্ব বোঝা যায়। এই মন্তব্যটির বিচার করো। ১০

৫। মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের সম্ভাব্য রচনাকাল বিস্তারিত আলোচনা করো। ১০

৬। কাশীরাম দাসের মহাভারত অনুবাদের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে কবির কৃতিত্বের মূল্যায়ন করো। ৫+৫= ১০

একক-৩

৭। ভারতচন্দ্রের অন্নদামঙ্গলকাব্য অষ্টাদশ শতাব্দীর বাস্তবতাকে গ্রহণ করে পরবর্তী আধুনিকতার কোনো কোনো উপসর্গকে প্রকাশ করতে পেরেছিল কি না সাহিত্যের ইতিহাসের নিরিখে পর্যালোচনা করো। ১০

৮। শাক্ত পদাবলি সাহিত্য যে-অর্থে সামাজিক বাস্তবতাকে প্রকাশ করতে পেরেছে বৈষ্ণব পদাবলি সাহিত্য সে-অর্থে সামাজিক বাস্তবতাকে প্রকাশ করতে পারে নি, এই অভিমত মনে রেখে শাক্ত পদাবলি সাহিত্যের সমাজবাস্তবতা সাহিত্যের ইতিহাস বিচারে কেন গুরুত্বপূর্ণ আলোচনা করো। ১০

৯। অষ্টাদশ শতাব্দীর বাংলা সাহিত্য কী অর্থে সামাজিক ও রাজনৈতিক ইতিহাসের দলিল হয়ে উঠেছে আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) ২×৫=১০

(ক) চর্যাপদের সমাজ

(খ) চণ্ডীদাসের পূর্বরাগ

(গ) লোচনদাস

(ঙ) রূপরাম চক্রবর্তী

(চ) কবিওয়ালাদের গান

(ছ) শিবায়ন

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার : ১ কোর্স : ২

(প্রাগাধুনিক পর্বের নির্বাচিত গ্রন্থ)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

## একক - ১

১। তোমার পাঠ্য চর্যাগান অবলম্বনে 'চর্যাগীতি'তে প্রতিফলিত সমকালীন জীবনচিত্রের পরিচয় দাও। ১০

২। 'চর্যাগীতি'র ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

৩। 'গঅণত গঅণত তইলা বাড়ী হেঞ্চে কুরাড়ী।' – ছত্রটির আলোকে ৫০ সংখ্যক চর্যাগানের ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

## একক - ২

৪। কবি বিজয় গুপ্তের 'পদ্মাপুরাণ' কাব্যের সাহিত্যমূল্য বিচার করো। ১০

৫। কবি বিজয় গুপ্তের 'পদ্মাপুরাণ' কাব্যে প্রতিফলিত লোকায়ত উপাদান বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ১০

৬। 'পদ্মাপুরাণ' কাব্যে অপ্রধান চরিত্র সৃষ্টিতে কবি বিজয় গুপ্ত অসাধারণ কৃতিত্বের স্বাক্ষর রেখেছেন।' – মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

## একক – ৩

৭। 'অন্নদামঙ্গল' কাব্যের অন্যতম বৈশিষ্ট্য প্রান্তিক মানুষদের চরিত্রায়ন। – আলোচনা করো। ১০

৮। ভারতচন্দ্রকে যুগসন্ধির কবি বলা যায় কি? এবিষয়ে তোমার অভিমত দাও। ১০

৯। ব্যাসদেব এবং দিল্লীশ্বর পাতশা চরিত্র দু'টি অবলম্বনে কবি ভারতচন্দ্র ধর্মবিবাদের অসারতা কীভাবে প্রতিপন্ন করার চেষ্টা করেছেন, তা ব্যাখ্যা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দু'টি) : ২×৫=১০

ক) 'গুরুবাক পুঞ্চআ বিন্ধ ণিঅমণ বাণেঁ'

খ) 'চর্যাগীতি'র তিব্বতি অনুবাদ

গ) মনসার বারোমাস্যা

ঘ) শিকলি

ঙ) 'এবে বুড়া তবু কিছু গুঁড়া আছে শেষে'

চ) 'অন্নদামঙ্গল' কাব্যে শিবের বিবাহ-যাত্রা

—

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার : ১ কোর্স : ৩

প্রাচীন-মধ্যযুগ : নির্বাচিত টেক্সট

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

## একক-১

১। 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্যের মৌলিকতা 'আদিরসের ভিয়ানে ও লৌকিকতার ছাঁচে।'— এই মন্তব্যের যথার্থতা সম্বন্ধে তোমার অভিমত দাও। ১০

২। 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্যের 'বৃন্দাবনখণ্ড'-এর কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

৩। 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্যের ভাষাবৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

## একক-২

৪। 'শুধু বৈকুণ্ঠের তরে বৈষ্ণবের গান !'— চৈতন্য-পূর্ববর্তী ও পরবর্তী একটি করে পাঠ্য বৈষ্ণব পদ অবলম্বনে রবীন্দ্রনাথের এই বক্তব্য প্রতিষ্ঠিত করো। ১০

৫। 'রয়নি ছোটি অতি ভীরু রমণী' ও 'কণ্টক গাড়ি কমল সম পদতল'— ভিন্ন ভিন্ন সময়ে রচিত এই দুটি অভিসার বিষয়ক পদের তুলনামূলক আলোচনা করো। ১০

৬। 'মনের মরম কথা তোমারে কহিয়ে এথা' এবং 'আলো মুঞি জানো না' পদদুটিতে পরিবেশ নির্মাণে জ্ঞানদাসের কবিত্বশক্তির পরিচয় দাও। ১০

## একক-৩

৭। 'অবতারের আর আছে অন্তরঙ্গ বীজ।

রসিক শেখর কৃষ্ণের সেই কার্য নিজ॥'—

'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' কাব্যের আদিখণ্ড : চতুর্থ পরিচ্ছেদ অবলম্বনে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৮। 'এবে জানিল সেব্য সাধ্যের নিশ্চয়।'— 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' কাব্যের মধ্যখণ্ড : অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য নিরূপণ করো। ১০

৯। 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' কাব্যের অন্ত্যখণ্ড : বিংশ পরিচ্ছেদ অবলম্বনে শিক্ষাষ্টক শ্লোকের ব্যাখ্যা দাও। ১০

**১০। টীকা লেখো (যে-কোনো দুটি) :** ২× ৫ = ১০

ক) 'বংশীখণ্ড'-এ বড়ায়ির ভূমিকা।

খ) 'বিধি কৈল তোর মোর নেহে।

একই পরাণ একই দেহে॥'

গ) 'হঠসঞে পৈঠয়ে শ্রবণক মাঝ॥'

ঘ) 'সখাগণ আগে পাছে গোপাল করিয়া মাঝে

ধীরে ধীরে করিহ গমন।'

ঙ) 'কৃষ্ণের অনন্ত শক্তি তাতে তিন প্রধান।'

চ) 'রসিক শেখর কৃষ্ণ পরম করুণ।'

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার: ১ কোর্স: ৪

ভাষাতত্ত্ব

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। বাংলা শব্দগঠন প্রক্রিয়াটি প্রথাগত ব্যাকরণ ও বর্ণনামূলক ব্যাকরণ অনুসারে আলোচনা করো। ১০

২। পূরকরূপ কাকে বলে? রূপমূল সনাক্তকরণ পদ্ধতি সম্পর্কে তোমার অভিমতটি ব্যক্ত করো। ২+৮= ১০

৩। প্রাচীন, মধ্য ও আধুনিক যুগের বাংলা সাহিত্যে লিঙ্গের ব্যবহার সম্পর্কে আলোচনা করো। ১০

একক-২

৪। চমস্কির তত্ত্ব অনুসারে বৈশ্বিক ব্যাকরণ (Universal Grammar) সম্পর্কে আলোচনা করো। ১০

৫। বাংলা বাক্যের ইচ্ছামূলক সংবর্তনের বিভিন্ন ধরনগুলি উদাহরণসহ লেখো। ১০

৬। চমস্কির তত্ত্ব অনুসারে Finite State Grammar ও Phrase Structure Grammar সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৪+৬= ১০

একক-৩

৭। ঐতিহাসিক ও তুলনামূলক ভাষাবিজ্ঞানের পদ্ধতিগত দিকগুলি আলোচনা করো। ১০

৮। পৃথিবীর প্রধান প্রধান ভাষাবংশগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

৯। প্রাচীনভারতীয় আর্য ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো **দুটি**): ২x৫=১০

(ক) বদ্ধরূপ

(খ) শব্দদ্বৈত

(গ) পারঙ্গমতাবোধ (Competence)

(ঘ) বাধ্যতামূলক সংবর্তন

(ঙ) মধ্যভারতীয় আর্যভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

(চ) নব্যভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য